সমকাল

তারিখ 2 JAN 2017
পৃষ্ঠা 4 ... 6

# বিসিআইসি
## বুয়েট ও টেক্সাস বিশ্ববিদ্যালয়ের চুক্তি

বিসিআইসির কারখানার নিরাপত্তা পদ্ধতি উন্নতির লক্ষ্যে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) ও যুক্তরাষ্ট্রের টেক্সাসের এঅ্যান্ডএম ইউনিভার্সিটির সঙ্গে সমঝোতা চুক্তি করেছে বিসিআইসি।

গতকাল রোববার শিল্প মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সিনিয়র সচিব মো. মোশাররফ হোসেন ভূঁইয়া, বিসিআইসির চেয়ারম্যান মোহাম্মদ ইকবালসহ সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তাদের উপস্থিতিতে চুক্তিটি স্বাক্ষরিত হয়। এর ফলে বিসিআইসির পুরনো কারখানাগুলোর উৎপাদন দক্ষতা ও নিরাপত্তা বৃদ্ধি পাবে বলে আশা করা যাচ্ছে। বিসিআইসির পক্ষে সংস্থার সচিব মো. হাছনাত আহমদ চৌধুরী, বুয়েটের পক্ষে কেমিপ্রকৌশল বিভাগের চেয়ারম্যান ড. এজাজ হোসেন এবং টেক্সাস এঅ্যান্ডএম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও মেরিকে ওকরনারের নির্বাহী পরিচালক ড. মাহববুল স্যাম মান্নান এই সমঝোতা চুক্তি স্বাক্ষর করেন। সংবাদ বিজ্ঞপ্তি।